

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৩.২০০৯-৪৬৯

তারিখ : ১২.০৫.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের (কোড নং-২৭০১) আওতাধীন Revitalization of Community Health Care Initiatives in Bangladesh কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের সংশোধিত এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ১২২২৭.২৫ লক্ষ (একশত বাইশ কোটি সাতাশ লক্ষ পচিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১১.০৫.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৩.২০০৯-৪৬২ সংখ্যক আদেশের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (কোড নং-৫৪৫০) এর অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের সংশোধিত এডিপিতে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপে ৪র্থ কিস্তি বাবদ ১২২২৭.২৫ লক্ষ (একশত বাইশ কোটি সাতাশ লক্ষ পচিশ হাজার) (রাজস্ব ১২১১৪.৫০+ মূলধন ১১২.৭৫) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারী করা হয়েছেঃ

(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কোড নং-২৭০১)	Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (কোড নং-৫৪৫০)	অনুমোদিত	৪র্থ কিস্তির জিওবি অর্থ	১২১১৪.৫০	১১২.৭৫	১২২২৭.২৫

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭০১) এর Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (কোড নং-৫৪৫০) হতে বহন করা হবে;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত);
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। অর্থ বিভাগের ১২.০৫.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭০১.০০৬.২০১২-১৬৭ নম্বর স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে এই আদেশ জারী করা হল।

হুমায়রা সুলতানা

(হুমায়রা সুলতানা)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০৯.০০.০০৩.২০০৯-৪৬৯/১(৬)

তারিখ : ১২.০৫.২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক, আরসিএইচসিআইবি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(হুমায়রা সুলতানা)  
উপ-সচিব